# চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ

নং-সিভাসু/রেজি:/প্রশা./নি.বি.-৫৮৩/২০১৯/৪০০ তারিখ: ১০/০৩/২০২১ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদের বিপরীতে উল্লেখিত বেতন স্কেলে শূন্য পদ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের (পুরুষ/মহিলা) নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে.স্কেল ২০১৫) | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ১. | সহকারী লাইব্রেরীয়ান<br>স্কেল: ২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে লাইব্রেরী সাইন্স/লাইব্রেরী ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সাইন্সে ন্যূনতম দ্বিতীয় শ্রেণীতে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং ১ম শ্রেণীর পদে ৩(তিন) বছরসহ কর্মকর্তা হিসেবে ৫(পাঁচ) বছর লাইব্রেরী ব্যবস্থাপনা সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকা আবশ্যক। |
| ২. | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক<br>স্কেল: ২৯০০০-৬৩৪১০/- (গ্রেড-৭) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমান গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং ১ম শ্রেণীর পদে ৩(তিন) বছরসহ কর্মকর্তা হিসেবে ৫(পাঁচ) বছর একাডেমিক/প্রশাসন/পরীক্ষা সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকা আবশ্যক। পাবলিক বিশ্ববিদ্যালয়ে সংশ্লিষ্ট কাজে দক্ষ ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩. | একাউন্টস অফিসার<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০৩ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমতুল্য গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং অর্থ ও হিসাব সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনে ন্যূনতম ১(এক) বছর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স)<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বি.এসসি-ইন-ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং ডিগ্রিধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৫. | মেডিকেল অফিসার (পুরুষ-১, মহিলা-১)<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০২ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমবিবিএস ডিগ্রীধারী এবং বিএমডিসি-এর রেজিস্ট্রিভুক্ত হতে হবে। প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয়। |
| ৬. | ফিজিক্যাল ইন্সট্রাক্টর<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমমান গ্রেডে স্নাতক পাশসহ ফিজিক্যাল এডুকেশন/সাইন্সে ডিপ্লোমাধারী হতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৭. | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএস-সি ইঞ্জিনিয়ারিং/বিএস-সি অনার্স (৪ বছর)-ইন-কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>অথবা<br>এমএস-সিসহ ৩(তিন) বছরের অনার্স-ইন-কম্পিউটার সাইন্স/ ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>প্রার্থীর কম্পিউটার নেটওয়ার্কস বা নেটওয়ার্ক ডিভাইস (Switches, Routers, Firewalls, Fiber Optics etc.) পরিচালনা এবং Linux/Windows NT এনভায়রনমেন্টে কাজ করা এবং প্রতিষ্ঠানে নেটওয়ার্ক ইনফ্রাস্টাকচার ডিজাইন, ডেভেলপ ও বাস্তবায়নের ওপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | সহকারী কম্পিউটার প্রোগ্রামার<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএস-সি ইঞ্জিনিয়ারিং/বিএস-সি অনার্স (৪ বছর)-ইন- কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>অথবা<br>এমএস-সিসহ ৩(তিন) বছরের অনার্স-ইন-কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>প্রার্থীর MySQL/PHP ও Linux/Windows NT এনভায়রনমেন্টে কাজ করা এবং প্রতিষ্ঠানের জন্য ওয়েবপেইজ ও প্রোগ্রাম/সফটওয়্যার ডিজাইন/ডেভেলপ করা, ওয়েবসাইট ও অনলাইন প্রোগ্রাম পরিচালনা/রক্ষণাবেক্ষণ বিষয়ের ওপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

চলমান (পাতা-২)

| | | | |
|---|---|---|---|
| ৯. | সহকারী ডাটাবেজ প্রোগ্রামার<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএস-সি ইঞ্জিনিয়ারিং/ বিএস-সি অনার্স (৪ বছর)-ইন- কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>অথবা<br>এমএস-সিসহ ৩(তিন) বছরের অনার্স-ইন-কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স।<br>প্রার্থীর MySQL/PHP ও Linux/Windows NT এনভায়রনমেন্টে কাজ করা এবং প্রতিষ্ঠানের জন্য ওয়েবপেইজ ও প্রোগ্রাম/সফটওয়্যার ডিজাইন/ডেভেলপ করা, ওয়েবসাইট ও অনলাইন প্রোগ্রাম পরিচালনা/রক্ষণাবেক্ষণ বিষয়ের ওপর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০. | সহকারী প্রকৌশলী (কম্পিউটার)<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিএস-সি ইঞ্জিনিয়ারিং/ বিএস-সি অনার্স (৪ বছর)-ইন-কম্পিউটার সাইন্স/ইনফরমেশন টেকনোলজি/সফটওয়্যার/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন/ টেলিকমিউনিকেশন/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স/ এপ্লাইড ফিজিক্স এন্ড ইলেকট্রনিক্স-এ ডিগ্রিধারী হতে হবে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ১১. | বৈজ্ঞানিক কর্মকর্তা (পিআরটিসি)<br>স্কেল: ২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডিভিএম ডিগ্রিধারী এবং সংশ্লিষ্ট কাজে ১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ১২. | প্রশাসনিক কর্মকর্তা<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০৬ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর পাশসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশসহ প্রশাসনিক কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৩. | সহকারী নিরাপত্তা কর্মকর্তা<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমতুল্য গ্রেডে স্নাতকোত্তর পাশ এবং সুস্বাস্থ্যের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে। সৎ, নিষ্ঠাবান ও স্পোর্টসম্যান স্পিরিট থাকতে হবে। নিরাপত্তা সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমতুল্য গ্রেডে স্নাতক পাশসহ নিরাপত্তা কাজ পরিচালনায় ৫(পাঁচ) বছরের অভিজ্ঞ ও দক্ষ হতে হবে। সুস্বাস্থ্যের অধিকারী ও কঠোর পরিশ্রমী হতে হবে। সৎ, নিষ্ঠাবান ও স্পোর্টসম্যান স্পিরিট থাকতে হবে। |
| ১৪. | এসিসটেন্ট একাউন্টস অফিসার<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০২ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমতুল্য গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে এবং অর্থ ও হিসাব সংশ্লিষ্ট কার্যাদি সম্পাদনে ন্যূনতম ১(এক) বছর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতক পাশসহ অর্থ ও হিসাব সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৫. | এসিসটেন্ট টেকনিক্যাল অফিসার<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০৬ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী/সমতুল্য গ্রেডে স্নাতকোত্তর পাশ হতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে স্নাতক পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৬. | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১ | প্রার্থীকে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড হতে মেকানিক্যাল বিষয়ে ৪(চার) বছর মেয়াদী ডিপ্লোমাধারী হতে হবে। সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন এবং উচ্চতর ডিগ্রিধারী প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ১৭. | রিসেপশনিস্ট<br>স্কেল: ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর পাশসহ সংশ্লিষ্ট কাজে ১(এক) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশসহ সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ইংরেজি ভাষায় বলা ও লিখনে পারদর্শী হতে হবে এবং কম্পিউটার ব্যবহারে বাস্তব জ্ঞান থাকতে হবে। |

চলমান (পাতা-৩)

| | | | |
|---|---|---|---|
| ১৮. | ক্যাশিয়ার<br>স্কেল: ১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রিধারী হতে হবে এবং অর্থ ও হিসাব সংশ্লিষ্ট কাজে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ১৯. | ক্যাটালগার<br>স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পাশসহ লাইব্রেরী সাইন্সে সার্টিফিকেট কোর্স প্রশিক্ষণপ্রাপ্ত এবং লাইব্রেরী ব্যবস্থাপনায় ন্যূনতম ১(এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। |
| ২০. | ল্যাবরেটরী টেকনিশিয়ান<br>স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০৩ | প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিষয়ে স্নাতক পাশ হতে হবে এবং কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞান থাকা আবশ্যক। সংশ্লিষ্ট বিষয়ে পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২১. | ডাটা এন্ট্রি অপারেটর<br>স্কেল: ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | ০১ | প্রার্থীকে স্বীকৃত যে কোন বোর্ড হতে এইচএসসি/সমমান পাশসহ সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠান হতে ৬(ছয়) মাস মেয়াদে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত এবং কম্পিউটার (ওয়ার্ড, এক্সেল, ইন্টারনেট ইত্যাদি) ব্যবহারে দক্ষতাসহ ৩-৪ বছর কাজ করার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর টাইপের গতি কমপক্ষে যথাক্রমে বাংলায়-৩০, ইংরেজীতে-৪০ শব্দ সম্পন্ন হতে হবে। কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সাচিবিক কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ২২. | কম্পাউন্ডার<br>স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১ | প্রার্থীকে সরকার অনুমোদিত ইনস্টিটিউট অব হেল্থ টেকনোলজি হতে ন্যূনতম ৩(তিন) বছর মেয়াদে ফার্মেসী'তে ডিপ্লোমাধারী হতে হবে। অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২৩. | ভেটেরিনারি কম্পাউন্ডার<br>স্কেল: ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | ০১ | প্রার্থীকে স্বীকৃত যে কোন বোর্ড হতে এইচএসসি (বিজ্ঞান) পাশসহ লাইভস্টক ট্রেনিং ইনস্টিটিউট (এলটিআই) হতে কমপক্ষে ১(এক) বছরের প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ২৪. | ড্রাইভার (হালকা)<br>স্কেল: ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | ০৫ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে এবং গাড়ী চালনায় বৈধ লাইসেন্স থাকতে হবে। |
| ২৫. | লাইব্রেরী এটেনডেন্ট<br>স্কেল: ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০১ | প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমান পাশসহ লাইব্রেরী সাইন্সে ৬(ছয়) মাস মেয়াদে ডিপ্লোমাধারী হতে হবে। |
| ২৬. | ল্যাব. এটেনডেন্ট<br>স্কেল: ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | ০৮ | প্রার্থীকে ন্যূনতম এসএসসি (বিজ্ঞান)/সমমান পাশ হতে হবে। |
| ২৭. | অফিস সহায়ক<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ২৬ | প্রার্থীকে ন্যূনতম এসএসসি/সমমান পাশ হতে হবে। |
| ২৮. | হল এসিসটেন্ট (পুরুষ-৩, মহিলা-৩)<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৬ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে। |
| ২৯. | জিমনেসিয়াম এটেনডেন্ট<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০২ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে। |
| ৩০. | ডরমিটরী এটেনডেন্ট<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০১ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে। |
| ৩১. | সহকারী বাবুর্চি<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০৩ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশসহ রান্নার কাজে অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩২. | হেলপার<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ০২ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশ হতে হবে। |
| ৩৩. | নিরাপত্তা প্রহরী<br>স্কেল: ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০)<br>**[বি.দ্র.- ইতোপূর্বে যারা 'নিরাপত্তা প্রহরী' পদে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই]** | ১০ | প্রার্থীকে ন্যূনতম জেএসসি/সমমান পাশসহ সুঠাম দেহের অধিকারী এবং ন্যূনতম উচ্চতা ৫ ফুট ৪ ইঞ্চি ও বুকের মাপ ৩০ ইঞ্চি হতে হবে।<br>অবসরপ্রাপ্ত সেনাবাহিনী/পুলিশ/আনসার সদস্যকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। |

**<u>প্রার্থীর জন্য প্রযোজ্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ:</u>**

১। নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ক্রমিক ১ হতে ১৭ নং পদে আগ্রহী প্রার্থীকে এ বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত আবেদন ফরম (শুধুমাত্র কর্মকর্তা পদের জন্য)-এ সকল কাগজপত্র সম্বলিত পৃথক ৯(নয়) সেট এবং ক্রমিক ১৮ হতে ৩৩ নং পদে পৃথক ৩(তিন) সেট (মোবাইল নম্বর উল্লেখপূর্বক সকল কাগজপত্র সম্বলিত ও স্বহস্তে লিখিত/মুদ্রিত) আবেদনপত্র একটি খামে **আগামী <u>১২/০৪/২০২১</u>** তারিখের মধ্যে রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম-৪২২৫ বরাবরে অফিস চলাকালীন (সকাল ৯:০০ হতে বিকাল ৫:০০ ঘটিকা) সময়ে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। <u>প্রার্থীত পদের নাম খামের উপরে স্পষ্ট করে উল্লেখ করতে হবে।</u>

২। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ১ হতে ১৭ নং পদের জন্য নির্ধারিত 'আবেদনপত্র' (Application Form) এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(cvasu.ac.bd)** বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে।

৩। বিজ্ঞপ্তিতে উল্লেখিত ক্রমিক ১ ও ২নং পদে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৩৫ বছর এবং অন্যান্য পদে ১৮-৩০ বছর; তবে প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান হলে নির্ধারিত বয়সসীমার অতিরিক্ত ২(দুই) বছর বিবেচনাযোগ্য। আবেদন দাখিলের সর্বশেষ তারিখ (১২/০৪/২০২১) অনুযায়ী প্রার্থীর বয়সসীমা নির্ধারিত হবে। বয়স নির্ধারণের ক্ষেত্রে কোন হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।

৪। প্রযোজ্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অভ্যন্তরীণ ও বহিঃ প্রার্থীর দৈনিকভিত্তিক/অস্থায়ী/চুক্তিভিত্তিক চাকুরীকাল পেনশনের জন্য গণনা করা হবে না।

৫। অভিজ্ঞতা বলতে- সরকারী/পাবলিক বিশ্ববিদ্যালয়/স্বায়ত্তশাসিত/আধা-সরকারী প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্ব-স্ব পদের সাথে সংশ্লিষ্ট কাজের অভিজ্ঞতাকে বুঝাবে।

৬। রেজিস্ট্রার, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় এর অনুকূলে নিয়োগ বিজ্ঞপ্তি'তে উল্লেখিত ১ হতে ১৭ নং পদের জন্য ৭০০/- (সাতশত) টাকা এবং ১৮ হতে ৩৩ নং পদের জন্য ৩০০/- (তিনশত) টাকা (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে উত্তোলনযোগ্য হতে হবে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

<u>চলমান (পাতা-৪)</u>

৭। আবেদনপত্রে আবেদনকারীর পূর্ণ জীবন-বৃত্তান্ত যথা: (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) বয়স (জ) ধর্ম (ঝ) জাতীয়তা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং (ঠ) অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) (ড) **মোবাইল নম্বর** (ঢ) ই-মেইল এড্রেস প্রভৃতি উল্লেখ করতে হবে।

৮। প্রার্থীকে আবেদনের সাথে (ক) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদের কপি; (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/সিনিয়র কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; (গ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং (ঙ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

৯। প্রার্থীর কোন পরীক্ষায় তৃতীয় শ্রেণী/বিভাগ/সমতুল্য গ্রেড গ্রহণযোগ্য নয় এবং সংশ্লিষ্ট পদে চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা না থাকলে আবেদন করার প্রয়োজন নেই।

১০। প্রার্থী উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়নরত থাকলে তা আবেদনে অবশ্যই উল্লেখ করতে হবে এবং পরবর্তীতে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হওয়ার পরে কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিরেকে উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন করলে বা উচ্চতর কোর্স/ডিগ্রি/প্রোগ্রামে অধ্যয়ন বা উচ্চতর কোর্স/ডিগ্রি অর্জনের বিষয়টি আবেদনে উল্লেখ না করলে, উক্ত কোর্স/ডিগ্রি/প্রোগ্রাম/প্রশিক্ষণের জন্য কোন সুবিধা প্রাপ্য হবে না।

১১। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে পিতা-মাতা/দাদা-দাদী/নানা-নানী'র অনুকূলে সরকার কর্তৃক স্বীকৃত মুক্তিযোদ্ধার সনদপত্র এবং সংশ্লিষ্ট প্রার্থীর পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের কপি উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সত্যায়ন পূর্বক আবেদনের সাথে দাখিল করতে হবে।

১২। ভূয়া তথ্য সম্বলিত/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ/কুরিয়ার সার্ভিস ও ডাক যোগাযোগসহ অন্য কোন কারণে বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের পর, পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস্ সংযোজনযোগ্য নয়।

১৩। প্রয়োজনে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, আবেদনপত্র গ্রহণ/বাতিলকরণ, শর্তাদির স্পষ্টায়ন/শর্ত শিথিলকরণ, নিয়োগপ্রাপ্তদের কর্মস্থল নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত ব্যাপারে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৪। উল্লিখিত পদসমূহে নিয়োগকৃত জনবলের কর্মস্থল হবে- সিভাসু মূল ক্যাম্পাস/হাটহাজারীস্থ রিসার্চ এন্ড ফার্ম বেইজড ক্যাম্পাস/ঢাকাস্থ টিচিং এন্ড ট্রেনিং পেট হসপিটাল ও রিসার্চ সেন্টার/কোস্টাল বায়োডাইভারসিটি, মেরিন ফিশারিজ এন্ড ওয়াইল্ডলাইফ রিসার্চ সেন্টার, কক্সবাজার।

১৫। এ বিশ্ববিদ্যালয়ে 'কাজ নাই, মজুরি নাই'/অস্থায়ী/সম্পূর্ণ অস্থায়ী/চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের ক্ষেত্রে শর্ত (অভিজ্ঞতা/বয়স) শিথিলযোগ্য এবং নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

১৬। নির্বাচনী পরীক্ষা/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

**মীর্জা ফারুক ইমাম**
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

10.03.2021

মীর্জা ফারুক ইমাম
রেজিস্ট্রার
চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল
সাইন্সেস বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ